বিষয় ঃ জেলা / উপজেলা পর্যায়ের বিভিন্ন অফিসের সাংগঠনিক কাঠামোভুক্ত নিম্ন শ্রেণীর পদকে উচ্চতর শ্রেণীতে উন্নীতকরণ, নতুন পদ সৃজন বা বিলুপ্তকরণ ও সংশ্লিষ্ট সাংগঠনিক কাঠামো পরিবর্তন সংক্রান্ত প্রস্তাব প্রসংগে।

মন্ত্রিপরিষদ বিভাগের ১৬-৯-২০০৪ তারিখের মপবি/নিকার/৪(৩)/২০০৪-১৪৬ নম্বর স্মারকের মাধ্যমে জেলা/উপজেলা পর্যায়ের বিভিন্ন অফিসের সাংগঠনিক কাঠামোভুক্ত নিম্ন শ্রেণীর পদকে উচ্চতর শ্রেণীতে উন্নীতকরণ, নতুন পদ সৃজন বা বিলুপ্তকরণ ও সংশ্লিষ্ট সাংগঠনিক কাঠামো পরিবর্তন সংক্রান্ত বিষয়টি 'নিকার' এর কার্যপরিধির আওতাভূক্ত করা হয়েছিল। মন্ত্রিপরিষদ বিভাগের ১১-৬-২০০৯ তারিখের মপবি/কঃবিঃশাঃ/মসক-১/২০০৯- ১৩৭ নম্বর স্মারকমূলে 'নিকার' এর কার্যপরিধি বাস্তবতার নিরীখে সংশোধনক্রমে নিম্নরূপ পুনঃনির্ধারণ করা হয়েছেঃ-

"নিকার এর কার্যপরিধি

(১) নতুন বিভাগ, জেলা, উপজেলা ও থানা গঠন/স্থাপনের প্রস্তাব বিবেচনা;
(২) বিভাগ, জেলা, উপজেলা ও থানার সীমানা পুনঃনির্ধারণ সংক্রান্ত প্রস্তাব বিবেচনা।"

এ প্রেক্ষিতে 'নিকার' এর সংশোধিত কার্যপরিধি অনুযায়ী মন্ত্রিপরিষদ বিভাগের ১৬-৯-২০০৪ তারিখের মপবি/নিকার/৪(৩)/২০০৪-১৪৬ নম্বর স্মারকে বর্ণিত বিষয়াবলী বর্তমানে 'নিকার' এর কার্যপরিধির আওতাভূক্ত নয়।

২। এমতাবস্থায়, উক্ত স্মারকে বর্ণিত জেলা/উপজেলা পর্যায়ের বিভিন্ন অফিসের সাংগঠনিক কাঠামোভুক্ত নিম্ন শ্রেণীর পদকে উচ্চতর শ্রেণীতে উন্নীতকরণ, নতুন পদ সৃজন বা পদ বিলুপ্তকরণ ও সংশ্লিষ্ট সাংগঠনিক কাঠামো পরিবর্তন সংক্রান্ত প্রস্তাব এখন থেকে পূর্বের ন্যায় 'প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটি'-তে বিবেচিত হবে এবং উক্ত কমিটির সুপারিশক্রমে প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক বিদ্যমান বিধি-বিধান ও আনুষ্ঠানিকতা অনুসরণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৩। ইহা অবিলম্বে কার্যকর হবে।

(মোঃ মতিয়ার রহমান)
যুগ্ম-সচিব
কমিটি ও উন্নয়ন

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মন্ত্রিপরিষদ বিভাগ**

**প্রজ্ঞাপন**

**ঢাকা, ১১ জুন, ২০০৯ / ২৮ জ্যৈষ্ঠ ১৪১৬**

নং-মপবি/কঃবিঃশাঃ/মসক-১/২০০৯/১৩৭ - গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মন্ত্রিপরিষদ বিভাগের ১২-০১-২০০৯ তারিখের মপবি/কঃবিঃশাঃ/মসক-১/২০০৯/৫ নম্বর প্রজ্ঞাপনমূলে গঠিত 'প্রশাসনিক পুনর্বিন্যাস সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটি (নিকার)' এর কার্যপরিধি বাস্তবতার নিরীখে সংশোধনক্রমে নিম্নরূপ পুনঃনির্ধারণ করেছে ঃ-

**কমিটির কার্যপরিধি ঃ**

(১) নতুন বিভাগ, জেলা, উপজেলা ও থানা গঠন/স্থাপনের প্রস্তাব বিবেচনা;

(২) বিভাগ, জেলা, উপজেলা ও থানার সীমানা পুনঃনির্ধারণ সংক্রান্ত প্রস্তাব বিবেচনা।

২। কমিটির অন্যান্য বিষয় অপরিবর্তিত থাকবে।

৩। ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মতিয়ার রহমান
যুগ্ম-সচিব (কমিটি ও উন্নয়ন)

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মন্ত্রিপরিষদ বিভাগ**

**প্রজ্ঞাপন**

**ঢাকা, ০২ নভেম্বর ২০০৯/১৮ কার্তিক ১৪১৬**

নং- মপবি/কঃবিঃশাঃ/মসক-১(অংশ-১)/২০০৯/২৩৫ - গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মন্ত্রিপরিষদ বিভাগের ১২ জানুয়ারী ২০০৯/২৯ পৌষ ১৪১৫ তারিখের মপবি/কঃবিঃশাঃ/মসক-১/২০০৯/৫ নম্বর প্রজ্ঞাপনমূলে গঠিত 'অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি'তে বিনিয়োগ বোর্ডের নির্বাহী চেয়ারম্যান ড. এস এ সামাদ-কে সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করেছে।

২। কমিটির কার্যপরিধিসহ অন্যান্য বিষয় অপরিবর্তিত থাকবে।

৩। ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ নূরুল করিম
যুগ্ম-সচিব (কমিটি)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ০২ এপ্রিল ২০০৯/ ১৯ চৈত্র ১৪১৫

নং- মপবি/কঃবিঃশাঃ/মসক-১/২০০৯/১০০ - গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মন্ত্রিপরিষদ বিভাগের ১২ জানুয়ারী ২০০৯ তারিখের মপবি/কঃবিঃশাঃ/মসক-১/২০০৯/৫ নম্বর প্রজ্ঞাপনমূলে গঠিত 'অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি'তে প্রধানমন্ত্রীর অর্থনৈতিক উপদেষ্টা ড. মসিউর রহমানকে সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করেছে।

২। কমিটির কার্যপরিধিসহ অন্যান্য বিষয় অপরিবর্তিত থাকবে।

৩। ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মতিয়ার রহমান
যুগ্ম-সচিব (কমিটি ও উন্নয়ন

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মন্ত্রিপরিষদ বিভাগ**

**প্রজ্ঞাপন**

**ঢাকা, ২১ জানুয়ারী ২০০৯/০৮ মাঘ ১৪১৫**

নং- মপবি/কঃবিঃশাঃ/মসক-১/২০০৯/৩১ - গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মন্ত্রিপরিষদ বিভাগের ১২ জানুয়ারী ২০০৯/২৯ পৌষ ১৪১৫ তারিখের মপবি/কঃবিঃশাঃ/মসক-১/২০০৯/৫ নম্বর প্রজ্ঞাপনমূলে গঠিত 'আইন-শৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি' ও 'প্রশাসনিক পুনর্বিন্যাস সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটি' (নিকার) আংশিক সংশোধনকরতঃ আইন-শৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ৯ নম্বর ক্রমিকে এবং প্রশাসনিক পূনর্বিন্যাস সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটির (নিকার) ১১ নম্বর ক্রমিকে বিষয়-সংশ্লিষ্ট মন্ত্রী/প্রতিমন্ত্রীকে সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করেছে।

২। কমিটির কার্যপরিধিসহ অন্যান্য বিষয় অপরিবর্তিত থাকবে।

৩। ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মতিয়ার রহমান
যুগ্ম-সচিব (কমিটি ও উন্নয়ন)

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

**ঢাকা, ১২ জানুয়ারী ২০০৯/ ২৯ পৌষ ১৪১৫**

নং- মপবি/ কঃবিঃশাঃ/ মসক-১/ ২০০৯/৫ - গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার নিম্নলিখিত পরিষদ/ মন্ত্রিসভা কমিটিসমূহ পুনর্গঠন করেছে ঃ

ক) সরকারী ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি ।
খ) অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি।
গ) জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)।
ঘ) জাতীয় অর্থনৈতিক পরিষদ (এনইসি) ।
ঙ) জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি।
চ) আইন-শৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি ।
ছ) প্রশাসনিক পূনর্বিন্যাস সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটি (নিকার)।

২। উপর্যুক্ত পরিষদ/ মন্ত্রিসভা কমিটিসমূহের গঠন, সহায়তাদানকারী কর্মকর্তাগণ, কমিটির কার্যপরিধি (টার্মস অব রেফারেন্স) এবং সাচিবিক সহায়তা প্রদানকারী মন্ত্রণালয়/বিভাগের নাম পরিশিষ্ট 'ক' হতে 'ছ'-তে প্রদত্ত হলো।

৩। পরিষদ/ মন্ত্রিসভা কমিটিসমূহের সভার কার্যবিবরণী অনুমোদিত হওয়ার তিন দিনের মধ্যে সাচিবিক সহায়তা প্রদানকারী মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক এর অনুলিপি মন্ত্রিপরিষদ বিভাগে (কমিটি ও উন্নয়ন অনুবিভাগ) প্রেরণ করতে হবে।

৪। পরিষদ / মন্ত্রিসভা কমিটিসমূহের যে সমস্ত সুপারিশ/সিদ্ধান্ত চূড়ান্ত অনুমোদনের জন্য মন্ত্রিসভায় পেশ করা প্রয়োজন, তা মন্ত্রিসভায় পেশ করতে হবে। পরিষদ/ মন্ত্রিসভা কমিটিসমূহের অন্যান্য সুপারিশ/সিদ্ধান্ত বাস্তবায়নের পূর্বে মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদনের জন্য পেশ করতে হবে।

৫। এতদসংক্রান্ত পূর্বে গঠিত পরিষদ/ মন্ত্রিসভা কমিটিসমূহ বাতিল বলে গণ্য হবে।

৬। ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

স্বাক্ষরিত/
১২-০১-২০০৯
এম আবদুল আজিজ এনডিসি
মন্ত্রিপরিষদ সচিব

পরিশিষ্ট-ক

## সরকারী ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি

(ক) **কমিটির গঠন ঃ**

(১) জনাব আবুল মাল আবদুল মুহিত - আহবায়ক
মন্ত্রী, অর্থ মন্ত্রণালয়

(২) বেগম মতিয়া চৌধুরী - সদস্য
মন্ত্রী, কৃষি মন্ত্রণালয়

(৩) এয়ার ভাইস মার্শাল (অবঃ) এ কে খন্দকার - সদস্য
মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়

(৪) লেঃ কর্ণেল (অব:) ফারুক খান - সদস্য
মন্ত্রী, বাণিজ্য মন্ত্রণালয়

(৫) সৈয়দ আবুল হোসেন - সদস্য
মন্ত্রী, যোগাযোগ মন্ত্রণালয়

(৬) ড. আব্দুর রাজ্জাক - সদস্য
মন্ত্রী, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়

(৭) সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মন্ত্রী /প্রতিমন্ত্রী - সদস্য

(খ) **সহায়তাদানকারী কর্মকর্তাগণঃ**

(১) মন্ত্রিপরিষদ সচিব।
(২) মুখ্য সচিব/সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
(৩) সচিব, অর্থ বিভাগ।
(৪) সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ।
(৫) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
(৬) পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সদস্য।
(৭) সচিব , সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ।

(গ) **কমিটির কার্যপরিধি ঃ**

(১) সকল মন্ত্রণালয়/ বিভাগ/ অধিদপ্তর/পরিদপ্তর/অধঃস্তন দপ্তর / আধা-সরকারী সংস্থা / স্বায়ত্বশাসিত সংস্থা/রাষ্ট্রীয়কৃত শিল্প কর্তৃক প্রদত্ত এককভাবে ৫০ (পঞ্চাশ কোটি) টাকার উর্দ্ধের ক্রয় এবং চুক্তি সম্পাদনের প্রস্তাব বিবেচনা ;
(২) পরামর্শক সার্ভিস (কনসালটেন্সি সার্ভিসেস) সংক্রান্ত ১০ (দশ) কোটি টাকার উর্দ্ধের চুক্তি সম্পাদনের প্রস্তাব বিবেচনা;
(৩) উপরের (১) ও (২) উপ-অনুচ্ছেদে উল্লিখিত অংকের টাকার (অর্থাৎ যথাক্রমে ৫০ কোটি ও ১০ কোটি টাকার উর্দ্ধের) পুনঃ দরপত্র আহ্বানের পুনর্বিবেচনা সংক্রান্ত সকল প্রস্তাব বিবেচনা;
(৪) সরকারের বিভিন্ন সংস্থার অনুসৃত দরপত্র আহ্বান পদ্ধতির পর্যালোচনা এবং পরিবীক্ষণ।

(ঘ) কমিটির বৈঠক প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

(ঙ) মন্ত্রিপরিষদ বিভাগ কমিটি কর্তৃক গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পরিবীক্ষণ করবে।

(চ) মন্ত্রিপরিষদ বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

(ছ) মন্ত্রিপরিষদ বিভাগের ১৬-০১-০৮ তারিখের মপবি/কঃবিঃশাঃ/উপদেষ্টা পরিষদ-১/২০০৬/১৭ নম্বর প্রজ্ঞাপনমূলে গঠিত 'সরকারী ক্রয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি' বাতিল বলে গণ্য হবে।

পরিশিষ্ট-খ

## অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি

(ক) **কমিটির গঠন ঃ**

| | | | |
|---|---|---|---|
| (১) | জনাব আবুল মাল আবদুল মুহিত<br>মন্ত্রী, অর্থ মন্ত্রণালয় | - | আহবায়ক |
| (২) | বেগম মতিয়া চৌধুরী<br>মন্ত্রী, কৃষি মন্ত্রণালয় | - | সদস্য |
| (৩) | ব্যারিস্টার শফিক আহমেদ<br>মন্ত্রী, আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | - | সদস্য |
| (৪) | এয়ার ভাইস মার্শাল (অবঃ) এ কে খন্দকার<br>মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয় | - | সদস্য |
| (৫) | সৈয়দ আশরাফুল ইসলাম<br>মন্ত্রী, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | - | সদস্য |
| (৬) | ইঞ্জিনিয়ার খন্দকার মোশাররফ হোসেন<br>মন্ত্রী, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | - | সদস্য |
| (৭) | লেঃ কর্ণেল (অব:) ফারুক খান<br>মন্ত্রী, বাণিজ্য মন্ত্রণালয় | - | সদস্য |
| (৮) | ডা. দীপু মনি<br>মন্ত্রী, পররাষ্ট্র মন্ত্রণালয় | - | সদস্য |
| (৯) | সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মন্ত্রী/প্রতিমন্ত্রী | - | সদস্য |

(খ) **সহায়তাদানকারী কর্মকর্তাগণঃ**

(১) মন্ত্রিপরিষদ সচিব।
(২) মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
(৩) গভর্ণর, বাংলাদেশ ব্যাংক ।
(৪) সচিব, শিল্প মন্ত্রণালয়।
(৫) সচিব, অর্থ বিভাগ।
(৬) সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়।
(৭) সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ।
(৮) সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ।
(৯) সচিব, বাণিজ্য মন্ত্রণালয়।
(১০) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
(১১) পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সদস্য।
(১২) সচিব , সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ।

(গ) **কমিটির কার্যপরিধি ঃ**

(১) দেশের সার্বিক অর্থ ও অর্থনৈতিক বিষয়াদি পর্যালোচনা ও মূল্যায়ন ;

(২) মন্ত্রিসভায় উপস্থাপনের পূর্বে নিম্নলিখিত প্রস্তাব/নীতিসমূহ বিবেচনা ও সুপারিশ প্রণয়ন ঃ

ক. বাণিজ্য নীতি(আমদানী নীতি, রপ্তানী নীতি প্রভৃতিসহ) ;
খ. শিল্পনীতি।
গ. বাজেট ও কর সংক্রান্ত প্রস্তাবাবলী;

(৩) ব্যাংক, বীমা ও অর্থনৈতিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক অনুসৃত নীতি পর্যালোচনা ও মূল্যায়ন এবং প্রয়োজনীয় সুপারিশ প্রণয়ন;

(৪) বিভিন্ন সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের জন্য ভর্তুকী সংক্রান্ত বিষয়াদি;

(৫) বিধিবদ্ধ সংস্থাসমূহের সম্পাদিত কার্যাবলী বিশেষতঃ এদের আর্থিক ফলাফল বিবেচনা;

(৬) বাণিজ্য সম্প্রসারণ ও জনশক্তি রপ্তানি বিষয়ে নির্ধারিত বার্ষিক লক্ষ্যমাত্রা বিবেচনা ও অনুমোদন এবং উক্ত লক্ষ্যমাত্রা অর্জনের অগ্রগতি পর্যালোচনা;

(৭) সরকারি সংস্থাসমূহের উৎপন্ন দ্রব্যের মূল্য যে সব ক্ষেত্রে অন্য কোন প্রক্রিয়ায় নির্ধারিত নেই তা নির্ধারণ এবং ৫০ (পঞ্চাশ) কোটি টাকার উর্দ্ধ মূল্যমানের সরকারি সংস্থাসমূহের উৎপন্ন দ্রব্য/শিল্প কারখানার উপজাত বিক্রয়ের বিষয় বিবেচনা ও সুপারিশ।

(ঘ) কমিটির বৈঠক প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

(ঙ) মন্ত্রিপরিষদ বিভাগ কমিটি কর্তৃক গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পরিবীক্ষণ করবে।

(চ) মন্ত্রিপরিষদ বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

(ছ) মন্ত্রিপরিষদ বিভাগের ১৬-০১-০৮ তারিখের মপবি/কঃবিঃশাঃ/উপদেষ্টা পরিষদ-১/২০০৬/১৭ নম্বর প্রজ্ঞাপনমূলে গঠিত ' অর্থনৈতিক বিষয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি' বাতিল বলে গণ্য হবে।

**পরিশিষ্ট-গ**

## জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)

(ক) **কমিটির গঠন ঃ**

| | | |
|---|---|---|
| (১) | শেখ হাসিনা<br>প্রধানমন্ত্রী | - চেয়ারপারসন |
| (২) | জনাব আবুল মাল আবদুল মুহিত<br>মন্ত্রী, অর্থ মন্ত্রণালয় | - বিকল্প চেয়ারম্যান |
| (৩) | এয়ার ভাইস মার্শাল (অবঃ) এ কে খন্দকার<br>মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয় | - সদস্য |
| (৪) | বেগম মতিয়া চৌধুরী<br>মন্ত্রী, কৃষি মন্ত্রণালয় | - সদস্য |
| (৫) | ইঞ্জিনিয়ার খন্দকার মোশাররফ হোসেন<br>মন্ত্রী, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | - সদস্য |
| (৬) | জনাব রমেশ চন্দ্র সেন<br>মন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয় | - সদস্য |
| (৭) | লেঃ কর্ণেল (অব:) ফারুক খান<br>মন্ত্রী, বাণিজ্য মন্ত্রণালয় | - সদস্য |
| (৮) | সৈয়দ আবুল হোসেন<br>মন্ত্রী, যোগাযোগ মন্ত্রণালয় | - সদস্য |
| (৯) | ডা: আফসারুল আমিন<br>মন্ত্রী, নৌ-পরিবহন মন্ত্রণালয় | - সদস্য |
| (১০) | সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী/প্রতিমন্ত্রী | - সদস্য |

**(খ) সহায়তাদানকারী কর্মকর্তাগণঃ**

(১) মন্ত্রিপরিষদ সচিব।
(২) মুখ্য সচিব/ সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
(৩) সচিব, অর্থ বিভাগ।
(৪) সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ।
(৫) সচিব, পরিকল্পনা বিভাগ।
(৬) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ণ বিভাগ।
(৭) পরিকল্পনা কমিশনের সদস্যগণ।
(৮) সচিব , সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ।

**(গ) নির্বাহী কমিটির কার্যপরিধি ঃ**

(১) সকল বিনিয়োগ প্রকল্পের উন্নয়ন প্রকল্প প্রস্তাব (ডিপিপি) বিবেচনা ও অনুমোদন;
(২) সরকারী খাতে ২৫(পঁচিশ) কোটি টাকার উর্দ্ধে মোট বিনিয়োগ ব্যয় সম্বলিত প্রকল্পে প্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি) সভার সুপারিশ বিবেচনা ও অনুমোদন;
(৩) উন্নয়ন প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা;
(৪) বেসরকারী উদ্যোগ, যৌথ উদ্যোগ অথবা অংশগ্রহনে বিনিয়োগ কোম্পানীসমূহের প্রস্তাব বিবেচনা;
(৫) অর্থনৈতিক পরিস্থিতির পরিবীক্ষণ ও দেশের সামগ্রিক অর্থনৈতিক কর্মকান্ড ও সংশ্লিষ্ট নীতি-নির্ধারণী বিষয়সমূহ পর্যালোচনা;
(৬) বৈদেশিক সাহায্যের বিষয়ে নির্ধারিত বার্ষিক লক্ষ্যমাত্রা বিবেচনা ও অনুমোদন এবং উক্ত লক্ষ্যমাত্রা অর্জনের অগ্রগতি পর্যালোচনা।

**(ঘ)** নির্বাহী কমিটির বৈঠক প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

**(ঙ)** পরিকল্পনা বিভাগ নির্বাহী কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

(ঘ) মন্ত্রিপরিষদ বিভাগের ১৬-০১-০৮ তারিখের মপবি/কঃবিঃশাঃ/উপদেষ্টা পরিষদ-১/২০০৬/১৭ নম্বর প্রজ্ঞাপনমূলে গঠিত জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক) বাতিল বলে গণ্য হবে।

পরিশিষ্ট-ঘ

## জাতীয় অর্থনৈতিক পরিষদ (এনইসি)

(ক) **কমিটির গঠন ঃ**

(১) শেখ হাসিনা প্রধানমন্ত্রী - চেয়ারপারসন

(২) মন্ত্রিসভার সকল সদস্য - সদস্য

(খ) **সহায়তাদানকারী কর্মকর্তাগণঃ**

(১) মন্ত্রিপরিষদ সচিব

(২) গভর্ণর, বাংলাদেশ ব্যাংক

(৩) পরিকল্পনা কমিশনের সদস্যগণ

(৪) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সচিব

(গ) **পরিষদের কার্যপরিধি ঃ**

(১) দারিদ্র নিরসন কৌশলপত্র, বার্ষিক উন্নয়ন কর্মসূচী এবং অর্থনৈতিক কর্মপন্থা (পলিসি) নিরূপনের প্রাথমিক পর্যায়ে সামগ্রিক দিক নির্দেশনা প্রদান ;

(২) পরিকল্পনা, কর্মসূচী এবং কর্মপন্থা চূড়ান্তকরণ এবং অনুমোদন প্রদান ;

(৩) উন্নয়ন কর্মসূচী বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা ;

(৪) আর্থ-সামাজিক উন্নয়নে প্রয়োজনীয় সিদ্ধান্ত ও ব্যবস্থা গ্রহণ ; এবং

(৫) জাতীয় অর্থনৈতিক পরিষদের দায়িত্ব পালনে সহায়ক বিবেচিত যে কোন কমিটি গঠন।

(ঘ) পরিষদের বৈঠক প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

(ঙ) পরিকল্পনা বিভাগ পরিষদকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

(চ) মন্ত্রিপরিষদ বিভাগের ১৬-০১-০৮ তারিখের মপবি/কঃবিঃশাঃ/উপদেষ্টা পরিষদ-১/২০০৬/১৭ নম্বর প্রজ্ঞাপনমূলে গঠিত ' জাতীয় অর্থনৈতিক পরিষদ (এনইসি)' বাতিল বলে গণ্য হবে।

পরিশিষ্ট-ঙ

## আইন-শৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি ঃ

(ক) **কমিটির গঠন ঃ**

(১) এ্যাডভোকেট সাহারা খাতুন - আহবায়ক
মন্ত্রী , স্বরাষ্ট্র মন্ত্রণালয়

(২) ব্যারিস্টার শফিক আহমেদ - সদস্য
মন্ত্রী , আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

(৩) জনাব রাজিউদ্দিন আহমেদ রাজু - সদস্য
মন্ত্রী , ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়

(৪) সৈয়দ আশরাফুল ইসলাম - সদস্য
মন্ত্রী , স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

(৫) ইঞ্জিনিয়ার খন্দকার মোশাররফ হোসেন - সদস্য
মন্ত্রী, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

(৬) জনাব আবুল কালাম আজাদ - সদস্য
মন্ত্রী , তথ্য মন্ত্রণালয়

(৭) ক্যাপ্টেন (অবঃ) এ বি এম তাজুল ইসলাম - সদস্য
প্রতিমন্ত্রী, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

(৮) জনাব তানজিম হোসেন সোহেল তাজ - সদস্য
প্রতিমন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

(খ) **সহায়তাদানকারী কর্মকর্তাগণ ঃ**

(১) মন্ত্রিপরিষদ সচিব।
(২) মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
(৩) প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ।
(৪) সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
(৫) চিফ অব জেনারেল স্টাফ, সেনাসদর।
(৬) মহাপুলিশ পরিদর্শক।
(৭) মহাপরিচালক, বাংলাদেশ রাইফেলস।
(৮) মহাপরিচালক, প্রতিরক্ষা গোয়েন্দা সংস্থা।
(৯) মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা।
(১০) মহাপরিচালক, আনসার ও ভিডিপি।
(১১) মহাপরিচালক, কোস্টগার্ড ।
(১২) মহাপরিচালক, র‍্যাপিড এ্যাকশন ব্যাটেলিয়ান।

(গ) **কমিটির কার্যপরিধি ঃ**

(১) সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি পর্যালোচনা ও মূল্যায়ন।
(২) যে কারণে আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি ঘটতে পারে সে কারণগুলো পর্যবেক্ষণ ও চিহ্নিতকরণপূর্বক ভবিষ্যতে এগুলো দূরীকরণে প্রয়োজনীয় সুপারিশ প্রদান।
(৩) হরতাল, ধর্মঘট ইত্যাদিসহ জনসাধারণের স্বাভাবিক জীবনযাত্রা ব্যাহতকারী ঘটনাবলী এবং এগুলোর ফলে জনজীবনে যে দুর্ভোগ ও অচলাবস্থা সৃষ্টি হয় তা পরিহারের উদ্দেশ্যে বিভিন্ন মন্ত্রণালয় ও সংশ্লিষ্ট এজেন্সিগুলোর করণীয় ও গ্রহণীয় পদক্ষেপ সম্পর্কে পরামর্শ প্রদান।
(৪) উপরোক্ত বিষয় সম্পর্কিত অন্যান্য প্রয়োজনীয় পরামর্শ ও সুপারিশ প্রদান।
(৫) সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি।

(ঘ) স্বরাষ্ট্র মন্ত্রণালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

(ঙ) মন্ত্রিপরিষদ বিভাগের ১৬-০১-০৮ তারিখের মপবি/কঃবিঃশাঃ/উপদেষ্টা পরিষদ-১/২০০৬/১৭ নম্বর প্রজ্ঞাপনমূলে গঠিত 'আইন-শৃংখলা সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি' বাতিল বলে গণ্য হবে।

পরিশিষ্ট-চ

## জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি

(ক) কমিটির গঠন ঃ

(১) এয়ার ভাইস মার্শাল (অবঃ) এ কে খন্দকার - আহবায়ক মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়

(২) জনাব আবুল কালাম আজাদ - সদস্য
মন্ত্রী, তথ্য মন্ত্রণালয় এবং সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

(৩) সৈয়দ আশরাফুল ইসলাম - সদস্য
মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

(৪) ডা. দীপু মনি - সদস্য
মন্ত্রী, পররাষ্ট্র মন্ত্রণালয়

(৫) জনাব নূরুল ইসলাম নাহিদ - সদস্য
মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়

(৬) জনাব রমেশ চন্দ্র সেন - সদস্য
মন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয়

(৭) সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী/প্রতিমন্ত্রী - সদস্য

(খ) সহায়তাদানকারী কর্মকর্তাগণঃ

(১) মন্ত্রিপরিষদ সচিব।
(২) মুখ্য সচিব/ সচিব , প্রধানমন্ত্রীর কার্যালয়।
(৩) সচিব, অর্থ বিভাগ।
(৪) সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ।
(৫) সচিব, তথ্য মন্ত্রণালয়।
(৬) সচিব, শিক্ষা মন্ত্রণালয়।
(৭) সচিব, বাণিজ্য মন্ত্রণালয়।
(৮) সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।

(গ) কমিটির কার্যপরিধি ঃ

(১) জাতীয় পুরস্কার প্রদানের লক্ষ্যে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ হতে প্রাপ্ত প্রস্তাবসমূহ পরীক্ষা করা ;
(২) বিভিন্ন জাতীয় পুরস্কারের ক্রমমূল্যায়ন এবং প্রয়োজনবোধে পরিবর্তনের জন্য সুপারিশ প্রদান ;
(৩) নূতন ধরনের কোন জাতীয় পুরস্কার প্রবর্তনের প্রস্তাব পরীক্ষা করা ;

(ঘ) কমিটির বৈঠক প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

(ঙ) মন্ত্রিপরিষদ বিভাগ কমিটি কর্তৃক গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পরিবীক্ষণ করবে।

(চ) মন্ত্রিপরিষদ বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

(ছ) মন্ত্রিপরিষদ বিভাগের ১৬-০১-০৮ তারিখের মপবি/কঃবিঃশাঃ/উপদেষ্টা পরিষদ-১/২০০৬/১৭ নম্বর প্রজ্ঞাপনমূলে গঠিত ' জাতীয় পুরস্কার সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি' বাতিল বলে গণ্য হবে।

**পরিশিষ্ট-ছ**

## প্রশাসনিক পুনর্বিন্যাস সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটি (নিকার)

**(ক) কমিটির গঠন ঃ**

| | | |
|---|---|---|
| (১) | শেখ হাসিনা<br>প্রধানমন্ত্রী | - আহবায়ক |
| (২) | জনাব আবুল মাল আবদুল মুহিত<br>মন্ত্রী, অর্থ মন্ত্রণালয় | - সদস্য |
| (৩) | ব্যারিস্টার শফিক আহমেদ<br>মন্ত্রী, আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | - সদস্য |
| (৪) | এয়ার ভাইস মার্শাল(অবঃ) এ কে খন্দকার<br>মন্ত্রী,পরিকল্পনা মন্ত্রণালয় | - সদস্য |
| (৫) | এ্যাডভোকেট সাহারা খাতুন<br>মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | - সদস্য |
| (৬) | সৈয়দ আশরাফুল ইসলাম<br>মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | - সদস্য |
| (৭) | জনাব মোঃ রেজাউল করিম হীরা<br>মন্ত্রী, ভূমি মন্ত্রণালয় | - সদস্য |
| (৮) | ডা. আ. ফ. ম রুহুল হক<br>মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | - সদস্য |
| (৯) | জনাব নূরুল ইসলাম নাহিদ<br>মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয় | - সদস্য |
| (১০) | জনাব দীপংকর তালুকদার<br>প্রতিমন্ত্রী, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় | - সদস্য |
| (১১) | মন্ত্রিপরিষদ সচিব | - সদস্য |
| (১২) | মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় | - সদস্য |
| (১৩) | সচিব, স্থানীয় সরকার বিভাগ | - সদস্য |
| (১৪) | সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | - সদস্য |
| (১৫) | সচিব, সংস্থাপন মন্ত্রণালয় | - সদস্য |
| (১৬) | সচিব, অর্থ বিভাগ | - সদস্য |
| (১৭) | সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | - সদস্য |
| (১৮) | সদস্য (ভৌত অবকাঠামো), পরিকল্পনা কমিশন | - সদস্য |
| (১৯) | সচিব , সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ | - সদস্য |

**(খ) কমিটির কার্যপরিধি ঃ**

সরকার কর্তৃক অনুমোদিত প্রশাসনিক পুনর্গঠন/পুনর্বিন্যাস সংক্রান্ত জাতীয় কমিটির সুপারিশসমূহ বাস্তবায়ন করা। এ বাস্তবায়ন প্রক্রিয়ায় অন্যান্য বিষয়ের মধ্যে নিম্নোক্ত পদক্ষেপসমূহ গ্রহণ করা ঃ

(১) নতুন বিভাগ, জেলা, উপজেলা, থানা ও তদন্ত কেন্দ্র গঠন/স্থাপনের প্রস্তাব বিবেচনা করা এবং উক্ত স্তরসমূহের ন্যূনতম বিভিন্ন শ্রেণীর লোকবল (কর্মকর্তা ও কর্মচারী) এবং প্রয়োজনীয় অন্যান্য ভৌত সুবিধাদি নিরূপণ;

(২) যে সকল মন্ত্রণালয়/বিভাগের কর্মতৎপরতা জেলা এবং থানা পর্যায় পর্যন্ত বিস্তৃত, প্রশাসনিক বিকেন্দ্রীকরণ সংক্রান্ত সরকারী নীতিমালা বাস্তবায়নে সেই সকল মন্ত্রণালয়/বিভাগকে দিক-নির্দেশনা প্রদান;

(৩) বিভাগ, জেলা, উপজেলা ও থানা পর্যায়ে জরুরী প্রয়োজনে ভৌত অবকাঠামো নির্মাণ/সংরক্ষণে বরাদ্দ প্রদানের বিষয়ে নির্দেশ প্রদান;

(৪) সীমানা পুনঃনির্ধারণ সংক্রান্ত কমিশনের সুপারিশসমূহ বিবেচনা ;

(৫) প্রবর্তিত নূতন প্রশাসন ব্যবস্থার কার্যক্রমসমূহ সময় সময় পুনরীক্ষণ করা এবং পল্লী উন্নয়নের অভীষ্ট লক্ষ্য অর্জনে সরকারকে সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণের পরামর্শ প্রদান;

(৬) সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি বিবেচনা করা;

**(গ)** প্রয়োজনবোধে এ কমিটি নূতন সদস্য অন্তর্ভুক্ত (কো-অপ্ট) করতে পারবে।

**(ঘ)** কমিটি প্রয়োজনানুসারে বৈঠকে মিলিত হবে।

**(ঙ)** মন্ত্রিপরিষদ বিভাগ এ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

**(চ)** মন্ত্রিপরিষদ বিভাগের ১৬-০১-০৮ তারিখের মপবি/কঃবিঃশাঃ/উপদেষ্টা পরিষদ-১/২০০৬/১৭ নম্বর প্রজ্ঞাপনমূলে গঠিত ' প্রশাসনিক পুনর্বিন্যাস সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটি (নিকার) ' বাতিল বলে গণ্য হবে।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**কমিটি বিষয়ক শাখা**

***প্রজ্ঞাপন***

**ঢাকা, ২৪ নভেম্বর, ২০০৮/১০ অগ্রহায়ণ, ১৪১৫**

নং-মপবি/কঃবিঃশাঃ/কপগ-১/২০০৭/১৮৮ - গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মন্ত্রিপরিষদ বিভাগের গত ১৫ এপ্রিল ২০০৭ তারিখের মপবি/শাঃপঃ/কপগ-১/২০০৭/৮৭ নম্বর প্রজ্ঞাপন মূলে গঠিত কমিটি বাতিলক্রমে ঢাকাস্থ সোহরাওয়ার্দী উদ্যানে স্বাধীনতা স্তম্ভ নির্মাণ প্রকল্পের আওতায় "স্বাধীনতা স্তম্ভ" (টাওয়ার) নকশা নির্বাচন সংক্রান্ত কমিটি নিম্নরূপ পুনর্গঠন করেছে ঃ

**(ক) কমিটির গঠন ঃ**

(১) অধ্যাপক ড. জামিলুর রেজা চৌধুরী, উপাচার্য, ব্রাক বিশ্ববিদ্যালয় - চেয়ারম্যান
(২) সভাপতি, বাংলাদেশ স্থপতি ইনস্টিটিউট, সোনারতরী টাওয়ার, বাংলামটর লিংক রোড, ঢাকা - সদস্য
(৩) স্থপতি রবিউল হুসাইন, ১৩৭, জাহানারা গার্ডেন, গ্রীণ রোড, ঢাকা-১২১৫ - সদস্য
(৪) চেয়ারম্যান, চারুকলা অনুষদ , চারুকলা ইনস্টিটিউট, ঢাকা - সদস্য
(৫) মহাপরিচালক, জাতীয় যাদুঘর, ঢাকা - সদস্য
(৬) ডঃ নিজামউদ্দিন আহম্মদ , অধ্যাপক, স্থাপত্য বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা - সদস্য
(৭) প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা - সদস্য
(৮) প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, ঢাকা - সদস্য
(৯) যুগ্ম-সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় - সদস্য
(১০) উপসচিব (উন্নয়ন), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় - সদস্য-সচিব

**(খ) কমিটির কার্যপরিধি ঃ**

(১) ঢাকাস্থ সোহরাওয়ার্দী উদ্যানে স্বাধীনতা স্তম্ভ নির্মান প্রকল্পের আওতায় "স্বাধীনতা স্তম্ভ" (টাওয়ার) নকশা নির্বাচন করা।
(২) বিবিধ।

২। কমিটির কার্যকাল ৩(তিন) মাস।

৩। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কমিটি-কে সাচিবিক সহায়তা প্রদান করবে।

৪। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
মোঃ মশিউর রহমান
যুগ্ম-সচিব (কমিটি ও উন্নয়ন)

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

**ঢাকা, ০৬ নভেম্বর, ২০০৮/ ২২ কার্তিক, ১৪১৫**

নং-মপবি/কঃবিঃশাঃ/উক-৩/২০০৮/১৮১ - খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয় কর্তৃক চট্টগ্রামস্থ হালিশহরের ৩৫ (পঁয়ত্রিশ) টি খাদ্যগুদাম ও স্থাপনাদি বেপজা-কে হস্তান্তর করা হয়। বেপজা কর্তৃক ৩৫টি গুদাম হতে ২৪ (চব্বিশ) টি গুদাম ইতোমধ্যে বিভিন্ন বিদেশী বিনিয়োগকারীদের অনুকূলে বরাদ্দ দেয়া হয় এবং উক্ত এলাকাকে কাস্টমস্ বন্ডেড এলাকা হিসেবে ঘোষণা করা হয়েছে। বর্তমানে দেশে সরকারি খাতে সংগৃহীত খাদ্যশস্যের পরিমাণ বৃদ্ধি পাওয়ায় আরও খাদ্যগুদামের প্রয়োজনীয়তা দেখা দিয়েছে। এ প্রেক্ষিতে খাদ্য নিরাপত্তা মজুদ গড়ে তোলার লক্ষ্যে সরকার হালিশহর সিএসডি এলাকায় অবস্থিত অব্যবহৃত গুদামসমূহ খাদ্যশস্য মজুদের কাজে ব্যবহার এবং দেওয়ানহাটের সরকারি মালিকানাধীন খালি জায়গায় খাদ্য গুদাম নির্মাণের উপযোগিতা পরীক্ষাপূর্বক সুপারিশ প্রণয়নের জন্য নিম্নরূপ একটি উচ্চ পর্যায়ের কমিটি গঠন করছে ঃ-

**(ক) কমিটির গঠন ঃ**

| | | |
|---|---|---|
| (১) | সচিব, শিল্প মন্ত্রণালয় | - চেয়ারম্যান |
| (২) | নির্বাহী চেয়ারম্যান<br>বাংলাদেশ এক্সপোর্ট প্রসেসিং জোনস্ অথরিটি (বেপজা) | - সদস্য |
| (৩) | সদস্য, জাতীয় রাজস্ব বোর্ড | - সদস্য |
| (৪) | মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর | - সদস্য |
| (৫) | প্রতিনিধি(যুগ্ম-সচিব এর নিচে নয়)<br>খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয় | - সদস্য |

**(খ) কমিটির কার্যপরিধি ঃ**

(১) হালিশহর সিএসডি এলাকায় অবস্থিত অব্যবহৃত গুদামসমূহ খাদ্যশস্য মজুতের কাজে ব্যবহারের সম্ভাব্যতা সম্পর্কে সুপারিশ প্রণয়ন;

(২) খাদ্য নিরাপত্তা মজুদ গড়ে তোলা এবং বিদেশী বিনিয়োগকারীদের বিনিয়োগ নির্বিঘ্ন রাখার বিষয়টি বিবেচনায় নিয়ে প্রয়োজনীয় সুপরিশ প্রণয়ন;

(৩) চট্টগ্রামস্থ দেওয়ানহাট এলাকায় সরকারি মালিকানাধীন খালি জায়গায় খাদ্য গুদাম নির্মাণের উপযোগিতা পরীক্ষার্পূবক সুপারিশ প্রণয়ন।

২। কমিটি আগামী ২(দুই) সপ্তাহের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে সুপারিশসহ প্রতিবেদন প্রেরণ করবে।

৩। খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মতিয়ার রহমান
যুগ্ম সচিব(কমিটি ও উন্নয়ন)

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

**ঢাকা, ২১ সেপ্টেম্বর,২০০৮/০৬ আশ্বিন, ১৪১৫**

নং-মপবি/কঃবিঃশাঃ/উপদেষ্টা পরিষদ-১/২০০৬(অংশ-১)/১৫৮ গণপ্রজামন্ত্রী বাংলাদেশ সরকার মন্ত্রিপরিষদ বিভাগের ১৬ জানুয়ারী,২০০৮/০৩ মাঘ, ১৪১৪ তারিখে জারীকৃত মপবি/কঃবিঃশাঃ/উপদেষ্টা পরিষদ-১/২০০৬/১৭ নম্বর প্রজ্ঞাপনমূলে গঠিত 'জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি'র (একনেক) কার্যপরিধি থেকে ৬নং অনুচ্ছেদ (সরকারী সংস্থাসমূহের উৎপন্ন দ্রব্যের মূল্য ও জনসেবামূলক সার্ভিসসমূহের রেট ,ফিস ইত্যাদির বিবেচনা ) বিয়োজন করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

২। এছাড়া একই স্মারকমূলে গঠিত 'অর্থনৈতক বিষয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি'র কার্যপরিধির ৭নং অনুচ্ছেদে বর্ণিত বিষয় অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে ঃ-

"সরকারী সংস্থাসমূহের উৎপন্ন দ্রব্যের মূল্য যেসব ক্ষেত্রে অন্য কোন প্রক্রিয়ায় নির্ধারিত নাই তা নির্ধারণ এবং ৫০ (পঞ্চাশ) কোটি টাকার উর্দ্ধ মূল্যমানের সরকারী সংস্থাসমূহের উৎপন্ন দ্রব্য/শিল্প কারখানার উপজাত বিক্রয়ের বিষয় বিবেচনা ও সুপারিশ"।

৩। কমিটির অন্যান্য বিষয় অপরিবর্তিত থাকবে।

৪। ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মতিয়ার রহমান
যুগ্ম-সচিব (কমিটি ও উন্নয়ন)।